

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৩.২১-২১০

তারিখঃ ১০ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৬ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে করণীয় সংক্রান্ত এক সভা গত ১৩ অক্টোবর ২০২১ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্তের আলোকে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিচালককে আহ্বায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়।

ক্র.ন.	পদবী	কমিটিতে অবস্থান
০১	পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর	আহ্বায়ক
০২	উপসচিব (অভ্যন্তরীণ নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
০৩	উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
০৪	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (কলেজ ও প্রশাসন) উইং এর একজন প্রতিনিধি	সদস্য
০৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাধ্যমিক) উইং এর একজন প্রতিনিধি	সদস্য
০৬	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর একজন প্রতিনিধি	সদস্য
০৭	যুগ্মপরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর	সদস্য সচিব

কমিটির কর্মপরিধি নিম্নরূপ:

বর্ণিত কমিটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন কার্যক্রম আরো দ্রুত ও ফলপ্রসূ করার জন্য পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমের কাঠামোগত পরিবর্তনের খসড়া প্রস্তাবসহ সভায় উপস্থাপিত বিষয়সমূহ নিষ্পত্তির বিষয়ে আগামী ১ মাসের মধ্যে সুস্পষ্ট মতামত প্রদান করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।


(মোহা: লিয়াকত আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৬১০৭

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। উপসচিব, বেসরকারি মাধ্যমিক-৩, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৬। যুগ্মপরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

- ১। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস নথি।